[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

এর অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল নাজমুল হাসান।

শনিবার বিকালে চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) এর আয়োজনে মুজিবনগর উপজেলার সীমান্তবর্তী সোনাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সীমান্তে পুশইনসহ অবৈধ চোরাচালান, নারী ও শিশু পাচার এবং মাদক পাচার প্রতিরোধে জনসচেতনতামূলক সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

তিনি আরও বলেন, সীমান্তে পুশইন বা চোরাচালান করা যেমন অপরাধ, তেমনি এ কাজে সহযোগিতা করাও সমান অপরাধ। তাই আমরা সবাইকে এসব কার্যকলাপ থেকে বিরত থাকতে হবে। সীমান্ত এলাকায় কোনো অচেনা ব্যক্তি দেখলে তাৎক্ষণিকভাবে বিজিবিকে জানাতে হবে। তবেই বিজিবি সঠিকভাবে তাদের দায়িত্ব পালন করতে পারবে।

সভায় আরও বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) এর উপ-অধিনায়ক মেজর মাসুদ হায়দার, সহকারী পরিচালক এডি হায়দার আলী, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী মেহেরপুর জেলা কমান্ড্যান্ট কামরুজ্জামান, মুজিবনগর উপজেলা আনসার-ভিডিপি অফিসার জেসমিন সুলতানা।

এসময় উপস্থিত ছিলেন বাগোয়ান ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান সোহরাব হোসেন, বাগোয়ান ইউনিয়ন বিএনপির সভাপতি রফিকুল ইসলাম, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সি ওমর ফারুক প্রিন্স, সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমানসহ সীমান্তবর্তী সোনাপুর ও মাছপাড়া গ্রামের সাধারণ মানুষ।

মুজিবনগরের বৃক্ষ প্রেমিক মি: ইনবার্ট হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ

মুজিবনগরের বল্লভপুর গ্রামের নেদারল্যান্ডের বংশোদ্ভূত এলাকার পরিচিত মুখ বৃক্ষ প্রেমিক মি: পিটার মারিয়া গ্রুন্ডিম্যান (৬৯)

(ইনবার্ট) হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেছেন।

আজ সোমবার সকাল ৭ টার দিকে অসুস্থতা বোধ করলে তিনি বল্লভপুর মিশন হাসপাতালে ভর্তি হন। চিকিৎসাধীন অবস্থায় সকাল ১০ টার সময় তিনি মৃত্যুবরণ করেন।

মি: ইনবার্ট এর শ্যালক বাগোয়ান ইউনিয়ন পরিষদের ৬ নম্বর ওয়ার্ড সদস্য বাবুল মল্লিক মেহেরপুর প্রতিদিন কে জানান, মি: ইনবার্ট স্বাধীনতা যুদ্ধ পরবর্তীতে চার্চ অব বাংলাদেশ এর মাধ্যমে মিশনারি হিসাবে সামাজিক উন্নয়নমূলক কর্মকান্ডে অংশগ্রহণ করার জন্য এলাকায় আসেন। তিনি রতনপুরে বেকার যুবকদের জীবনমান উন্নয়নের জন্য কারিগরি শিক্ষার ব্যবস্থা করেন। পরে তিনি বল্লভপুর গ্রামে সোশ্যাল সার্ভিস নামে একটি এনজিওর প্রতিষ্ঠা করেন। এই প্রতিষ্ঠানের মাধ্যমে তিনি এলাকার বিভিন্ন দরিদ্র অসহায় মানুষদের ঘর তৈরি সহ বিভিন্ন হাতের কাজের উপর উদ্বুদ্ধ করেন এবং প্রশিক্ষণ দিয়ে দিয়ে তাদের স্বাবলম্বী করে গড়ে উঠতে সহায়তা করা। তিনি সোনাপুরে কিছু দরিদ্র মানুষকে ঘর তৈরি করে দেন যেটা এখন ইনবার্ট পাড়া নামে পরিচিত।

এদেশে আসার পরে এলাকায় সামাজিক উন্নয়ন উন্নয়নমূলক কাজ করার সময় তিনি অসুস্থ হয়ে বল্লভপুর হাসসপাতালে চিকিৎসাধীন অবস্থায় হাসসপাতালের নার্স বল্লভপুর গ্রামের মি: অজিত মল্লিকের মেয়ে মঞ্জু মল্লিকের সাথে প্রণয়ে জড়িয়ে পড়েন এবং ১৯৮৬ সালে তারা ভালোবেসে বিয়ে করেন।
তিনি মুজিবনগর কে সবুজায়নের আওতায় আনার জন্য মুজিবনগর থেকে দর্শনা পর্যন্ত এবং মুজিবনগর থেকে চুয়াডাঙ্গা পর্যন্ত রাস্তার দুই পাশ দিয়ে বৃক্ষরোপণ করেন যে বৃক্ষগুলো এখন রাস্তা সম্প্রসারিত করার জন্য কাটা হচ্ছে এবং সেই বৃক্ষ থেকে সরকার কোটি কোটি টাকা আয় করছেন। ৯০ সালের দিকে তিনি ঢাকাতে ইউএনডিপি নামে একটি দাতা সংস্থার কনসাল্টেন্ট হিসেবে দায়িত্ব পালন করেন। এই অবস্থায় তিনি সিনারজী, কনজারভেশন লিমিটেড নামে একটি বনায়ন সংস্থা খোলেন। তিনি চিটাগাং চট্টগ্রাম পাহাড়ের ৩ একর জমি লিজ নিয়ে বিভিন্ন প্রকারের বনজো গাছ রোপন করেন। পরবর্তীতে ভারত এবং নেপালের বিভিন্ন এলাকায় গাছ রোপনের উপরে কাজ করেন। পরবর্তীতে তিনি ২০০০ সালের দিকে স্ত্রীসহ নিজ দেশ নেদারল্যান্ডে চলে যান পরবর্তীতে মানুষের ভালোবাসার টানে বাংলাদেশের ফিরে আসেন এবং সেই থেকে তিনি মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলার বল্লভপুর গ্রামে সস্ত্রীক বসবাস করে আসছেন। তিনাদের এ্যান্না মেরি নামে একটি

কন্যা সন্তান আছেন যিনি এখন নেদারল্যান্ডে বসবাস করেন।
গতকাল সোমবার সকালে তিনি অসুস্থতা বোধ করলে বল্লভপুর মিশন হাসপাতালে ভর্তি হন চিকিৎসাধীন অবস্থায় তিনি সকাল সাড়ে দশটার দিকে মৃত্যুবরণ করেন।সোমবার সন্ধ্যা ৭ টার সময় বল্লভপুর মিশন কবরস্থানে তাকে সমাধীস্থ করা হয়েছে।

মুজিবনগরে মোটরসাইকেল চুরির সময় চোর আটক

মুজিবনগরের মোনাখালি গ্রামের মনিরুল ইসলামের এপাচি আরটিআর মোটরসাইকেল চুরি করার সময় হাতেনাতে সাগর আহমেদ মিলু (২৮) নামের এক চোরকে আটক করা হয়েছে।

বুধবার বিকেলে মোনাখালী ইউনিয়নের মোনাখালী গ্রামের চারা তলার মাঠ থেকে তাকে আটক করা হয়। আটককৃত চোর সাগর আহমেদ (মিলু) চুয়াডাঙ্গা জেলার দামুড়াহুদা থানার ইব্রাহিমপুর গ্রামের আজিজুল হকের ছেলে। বর্তমানে মিলু দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গার ভূমিহীন পাড়ায় বসবাস করে।

মটরসাইকেল মালিক মোনাখালি গ্রামের খেদের আলির ছেলে মনিরুল ইসলাম জনান, তিনি বুধবার বিকেলে গ্রামের চারা তলার মাঠে নিজের লিচু বাগানে মোটরসাইকেল রেখে পাশের জমিতে কাজ করছিলেন। কাজ শেষে এসে দেখেন মোটরসাইকেল নেই তিনি মটরসাইকেল টি খুজতে খুজতে রাস্তায় উঠে দেখতে পান একটি লোক তার গাড়ি ঠেলতে ঠেলতে আশরাফপুরের দিকে যাচ্ছে। এ সময় তিনি দৌড়ে তাকে থামতে বলে।

এ সময় গাড়ি চোর গাড়ি ফেলে পালিয়ে যাওয়ার চেষ্টা করলে আমার চিৎকারে আশেপাশের লোকজন তাকে ধরে ফেলে। পরে মুজিবনগর থানায় খবর দিলে পুলিশ এসে তাকে আটক করে মুজিবনগর থানায় নিয়ে যায়।

মুজিবনগর থানা অফিসার ইনচার্জ (ওসি)মেহেদী রাসেল বিষয়টি নিশ্চিত করে বলেন, মোটরসাইকেল চুরির সময় আটককৃত চোর কে পুলিশ হেফাজতে নেওয়া হয়েছে এবং তার বিরুদ্ধে চুরির মামলা দিয়ে আদালতে প্রেরণ

□□□ □□□□